



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।  
(স্থানীয় সরকার শাখা)  
[www.sunamganj.gov.bd](http://www.sunamganj.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি।

স্মারক নং : ৪৬.৪৬.৯০০০.০১১.০৪.২৮১.২০. ১৮৩

তারিখ: ১৫ ফাল্গুন, ১৪২৮  
২৮ ফেব্রুয়ারি, ২০২২

বিষয় : সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলার নবনির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের শপথ গ্রহণ।

সূত্র : ১। বাংলাদেশ গেজেটের ২০/০২/২০২২ তারিখে প্রকাশিত অতিরিক্ত সংখ্যা।

২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তাহিরপুর, সুনামগঞ্জ এর ২৪/০২/২০২২ তারিখের ১৮১ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলার ইউনিয়ন পরিষদসমূহের নবনির্বাচিত চেয়ারম্যানগণের শপথ অনুষ্ঠান আগামী ০১ মার্চ ২০২২, বিকাল ০৪:০০ ঘটিকায় সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ-এ অনুষ্ঠিত হবে। নবনির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে জেলা প্রশাসক, সুনামগঞ্জ কর্তৃক স্বাস্থ্যবিধি মেনে শপথবাক্য পাঠ করানো হবে। শপথ গ্রহণের পূর্বেই নবনির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে স্থাবর ও অস্থাবর সম্পত্তির হিসাব বিবরণী জেলা প্রশাসক, সুনামগঞ্জ বরাবর দাখিল করতে হবে।

এমতাবস্থায়, সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলার নবনির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : গেজেটের কপি ০১ (এক) ফর্দ।

উপপরিচালক (ভারপ্রাপ্ত)  
স্থানীয় সরকার, সুনামগঞ্জ।  
ফোন: ০৮৭১-৬১৬১৫  
E-mail: [ddlgsunam@gmail.com](mailto:ddlgsunam@gmail.com)

উপজেলা নির্বাহী অফিসার  
তাহিরপুর, সুনামগঞ্জ।

অনুলিপি : অবগতি ও কার্যার্থে

- ১। সহকারী কমিশনার, গোপনীয় শাখা (জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের অবগতির জন্য)।
- ২। চেয়ারম্যান....., (সংশ্লিষ্ট) ইউনিয়ন পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
- ৩। ইউনিয়ন পরিষদ সচিব.....(সংশ্লিষ্ট) ইউনিয়ন পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
- ৪। অফিস কপি।